রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২৬, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৬ আগস্ট, ২০০৮/১১ ভাদ্র, ১৪১৫

এস, আর, ও নং ২৫১-আইন/২০০৮।—Representation of the People Order, 1972 (P.O No.155 of 1972) এর Article 94 এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন উক্ত Order এর Chapter VI A এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"Article"** অর্থ Order এর কোন Article;

(খ) **"Order"** অর্থ Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972);

(গ) **"কমিশন"** অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১১৮ এর অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;

(ঘ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ঙ) **"রাজনৈতিক দল"** অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২ এ সংজ্ঞায়িত রাজনৈতিক দল।

মূল্য ঃ টাকা ৬.০০

৩। **রাজনৈতিক দলের নিবন্ধনের জন্য দরখাস্ত আহ্বান**।—কমিশন, Order এর Article 90A এর উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত Order এর অধীন অনুষ্ঠিতব্য নির্বাচনে অংশগ্রহণ করিতে ইচ্ছুক রাজনৈতিক দলের নিবন্ধনের জন্য সময় সময় গণবিজ্ঞপ্তি দ্বারা দরখাস্ত আহবান করিতে পারিবে।

৪। **নিবন্ধনের জন্য দরখাস্ত দাখিল**।—Order এর Article 90 A এর অধীন নিবন্ধন করিতে ইচ্ছুক এবং Article 90B এর অধীন শর্তসমূহ পালনে সক্ষম প্রত্যেক রাজনৈতিক দলকে নিবন্ধনের জন্য দলের চেয়ারম্যান ও সাধারণ সম্পাদক বা উহাদের সমপর্যায়ের পদাধিকারীর স্বাক্ষরে তফসিল এর ফরম ১ এ কমিশনের বরাবরে দরখাস্ত দাখিল করিতে হইবে এবং উক্ত দরখাস্তের সহিত বিধি ৬ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিতে হইবে।

৫। **নিবন্ধন ফি**।—বিধি ৪ এ উল্লিখিত দরখাস্তের সহিত দরখাস্তকারী প্রত্যেক রাজনৈতিক দলকে নিবন্ধন ফি বাবদ অ-ফেরতযোগ্য পাঁচ হাজার টাকা, সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এর অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

৬। **দরখাস্তের সহিত আবশ্যকীয় দলিলাদি সংযুক্তকরণ**।—বিধি ৪ এ উল্লিখিত দরখাস্তের সহিত প্রত্যেক রাজনৈতিক দলকে উক্ত দলের সাধারণ সম্পাদক কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত দলিলাদি সংযুক্ত করিতে হইবে, যথাঃ—

(ক) দলের গঠনতন্ত্র;

(খ) দলের নির্বাচনী ইস্তেহার, যদি থাকে;

(গ) দলের বিধিমালা, যদি থাকে;

(ঘ) দলের লোগো এবং পতাকার ছবি;

(ঙ) দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটি বা সমমানের কমিটির সকল সদস্যের পদবীসহ নামের তালিকা;

(চ) দলের নামে রক্ষিত ব্যাংক-একাউন্ট নম্বর ও ব্যাংকের নাম এবং উক্ত একাউন্টের সর্বশেষ স্থিতি;

(ছ) দলের তহবিলের উৎসের বিবরণ;

(জ) দলের নিবন্ধনের দরখাস্ত করিবার জন্য সংশ্লিষ্ট ব্যক্তির অনুকূলে প্রদত্ত ক্ষমতাপত্র;

(ঝ) নিবন্ধন ফি বাবদ সচিব, নির্বাচন কমিশন সচিবালয়ের বরাবরে জমাকৃত অ-ফেরতযোগ্য টাকার ট্রেজারী চালানের কপি; এবং

(ঞ) (অ) বাংলাদেশ স্বাধীন হইবার পর হইতে দরখাস্ত দাখিল করিবার তারিখ পর্যন্ত সময়ের মধ্যে অনুষ্ঠিত সংসদ নির্বাচনের যে কোন একটিতে দলীয় নির্বাচনী প্রতীক লইয়া কমপক্ষে একটি আসন লাভের সমর্থনে প্রামাণিক দলিল; অথবা

(আ) বাংলাদেশ স্বাধীন হইবার পর হইতে দরখাস্ত দাখিল করিবার তারিখ পর্যন্ত সময়ের মধ্যে অনুষ্ঠিত সংসদ নির্বাচনের যে কোন একটিতে দরখাস্তকারী দল কর্তৃক নির্বাচনে অংশগ্রহণকৃত নির্বাচনী এলাকায় প্রদত্ত মোট ভোট সংখ্যার শতকরা পাঁচ ভাগ ভোট লাভের সমর্থনে কমিশন বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র; অথবা

(ই) দলের কেন্দ্রীয় কমিটিসহ, উহা যে নামেই অভিহিত হউক না কেন, একটি সক্রিয় কেন্দ্রীয় দপ্তর; অন্যূন দশটি প্রশাসনিক জেলায় জেলা কমিটিসহ কার্যকর জেলা দপ্তর এবং অন্যূন পঞ্চাশটি উপজেলা বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন থানায় কার্যকর দফতর থাকিবার সমর্থনে প্রামাণিক দলিল।

৭। **নিবন্ধন প্রক্রিয়া, ইত্যাদি।**—(১) বিধি ৪ এর অধীন কোন দরখাস্ত প্রাপ্তির পর কমিশন উক্ত দরখাস্ত ও উহাতে বর্ণিত তথ্যাদি এবং উহার সহিত সংযুক্ত বিধি ৬ এ বর্ণিত দলিলাদির সঠিকতা এবং Article 90B এর অধীন নিবন্ধনের শর্তাবলী প্রতিপালন করা হইয়াছে কি না উহা যাচাই করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন যাচাই অন্তে কমিশনের নিকট যদি প্রতীয়মান হয় যে,—

(ক) নিবন্ধনের জন্য দরখাস্তে বর্ণিত তথ্যাদি ও উহার সহিত দাখিলকৃত দলিলাদি সঠিক; এবং

(খ) Article 90B এর অধীন নিবন্ধনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করা হইয়াছে—

তাহা হইলে কমিশন, উক্ত দরখাস্ত ও উহার সহিত সংযুক্ত দলিলাদি এবং দরখাস্তকারী দলের নিবন্ধনের বিষয়ে কাহারও কোন আপত্তি থাকিলে তাহা বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে কমিশনের নিকট পেশ করিবার আহ্বান জানাইয়া, দুইটি জাতীয় দৈনিকে তফসিল এর ফরম-২ এ বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে কোন আপত্তি পাওয়া গেলে কমিশন দরখাস্তকারী এবং আপত্তিকারীকে শুনানীর সুযোগ প্রদান করিয়া দরখাস্তটি মঞ্জুর বা না-মঞ্জুর করিতে পারিবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে কোন আপত্তি পাওয়া না গেলে কমিশন দরখাস্তটি মঞ্জুর করিবে।

(৫) উপ-বিধি (১) এর অধীন যাচাই অন্তে কমিশনের নিকট যদি প্রতীয়মান হয় যে,—

(ক) নিবন্ধনের জন্য কোন দরখাস্ত যথাযথভাবে পূরণ করা হয় নাই; বা

(খ) উক্ত দরখাস্তে Article 90B এর অধীন নিবন্ধনের শর্তাবলী পূরণ করা হয় নাই; বা

(গ) বিধি ৬ এ উল্লিখিত দলিলাদি দরখাস্তের সহিত সংযুক্ত করা হয় নাই—

তাহা হইলে কমিশন, দরখাস্তকারী দলকে অনূর্ধ্ব পনের দিনের মধ্যে প্রয়োজনীয় দলিলাদি সরবরাহসহ অন্যান্য ত্রুটি সংশোধনের সুযোগ প্রদান করিয়া একটি পত্র প্রদান করিবে।

(৬) উপ-বিধি (৫) এ উল্লিখিত পত্র প্রাপ্তির পর দরখাস্তকারী দল প্রয়োজনীয় চাহিদা পূরণ করিলে কমিশন উপ-বিধি (২), (৩) ও (৪) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া দরখাস্তটি মঞ্জুর বা না-মঞ্জুর করিতে পারিবে।

(৭) উপ-বিধি (৫) এ উল্লিখিত সময়ের মধ্যে দরখাস্তকারী দল কোন পদক্ষেপ গ্রহণ না করিলে কমিশন উক্ত দলকে নিবন্ধনের অযোগ্য বিবেচনা করিয়া দরখাস্তটি নামঞ্জুর করিবে ।

৮। **নিবন্ধন সার্টিফিকেট।**—কমিশন, কোন রাজনৈতিক দলকে Order এর Article 90A এর অধীন নিবন্ধিত করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে, উক্ত দলের অনুকূলে তফসিলের ফরম-৩ এ একটি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবে এবং উক্ত নিবন্ধিত রাজনৈতিক দলের নাম Article 90E এর বিধান মোতাবেক সরকারী গেজেটে প্রকাশ করিবে।

৯। **নিবন্ধনের শর্তাদি পরিপালন সম্পর্কে কমিশনকে অবহিতকরণ।**—প্রত্যেক নিবন্ধিত রাজনৈতিক দল নিবন্ধনের শর্তাবলী পরিপালন সম্পর্কে কমিশনকে, সময় সময়, অবহিত করিবে এবং তদ্‌লক্ষ্যে সংশ্লিষ্ট দলকে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথাঃ—

(ক) দলের কেন্দ্রীয় পর্যায়ে নূতন কমিটির নির্বাচিত সদস্যদের তালিকা এবং সংশ্লিষ্ট দলের এতদ্‌সংক্রান্ত সভার কার্যবিবরণীর অনুলিপি কমিশনে দাখিল;

(খ) প্রতি বৎসর ৩১ শে জুলাই এর মধ্যে অব্যবহিত প র্বের পঞ্জিকা বৎসরের সংশ্লিষ্ট দলের আর্থিক লেনদেন একটি রেজিস্টার্ড চাটার্ড একাউন্টিং ফার্ম দ্বারা অডিট করাইয়া অডিট রিপোর্টের একটি কপি কমিশনে দাখিল;

(গ) কমিশন, সময় সময়, যে সকল তথ্য বা কাগজপত্র চাহিবে উহা কমিশনে প্রেরণ; এবং

(ঘ) কমিশন, সময় সময়, যে সকল বিষয়ের উপর মন্তব্য বা ব্যাখ্যা চাহিবে উহা পরিপালন।

১০। **নিবন্ধন বাতিল**।—কমিশন—

(ক) Article 90H এর বিধান মোতাবেক, কোন নিবন্ধিত রাজনৈতিক দলের নিবন্ধন বাতিল করিতে পারিবে; এবং

(খ) Article 44CCC এর clause(5) এর অধীন কোন নিবন্ধিত রাজনৈতিক দলের নিবন্ধন বাতিলের ক্ষেত্রে Article 90H এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবে।

১১। **রহিতকরণ ও হেফাজত**।—(১) নির্বাচন কমিশন সচিবালয়ের প্রজ্ঞাপন নং-এস, আর, ও নং-২২৫-আইন/২০০১ তারিখ ৫ই ভাদ্র, ১৪০৮ মোতাবেক ২০শে আগস্ট, ২০০১ দ্বারা জারীকৃত নির্বাচন কমিশন (রাজনৈতিক দল নিবন্ধীকরণ) বিধিমালা, ২০০১, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত বিধিমালা অনুসরণে কমিশনের সহিত ইতঃপূর্বে নিবন্ধিত কিংবা নিবন্ধনের জন্য দরখাস্তকৃত প্রত্যেক রাজনৈতিক দলকে Representation of the People (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ৪২ নং অধ্যাদেশ) দ্বারা সংশোধিত Order এর Chapter VI A তে বর্ণিত শর্তাবলী এই বিধিমালা জারীর দিন হইতে পরবর্তী পনের দিনের মধ্যে পূরণ করিয়া উহার প্রমাণিক দলিল কমিশনে দাখিল করিতে হইবে এবং উক্তরূপে দাখিল করা হইলে কমিশন উহার সঠিকতা যাচাই অন্তে উক্ত Chapter VI A তে বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া উক্ত রাজনৈতিক দলকে নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, উপ-বিধি (১) এর অধীন রহিত বিধিমালা অনুসরণে ইতঃপূর্বে নিবন্ধিত কিংবা নিবন্ধনের জন্য দরখাস্তকৃত কোন রাজনৈতিক দলের সংশোধিত Order এর Chapter VI A এর অধীন নতুন করিয়া কমিশনের সহিত নিবন্ধন এর দরখাস্ত দাখিল করিতে কোন বাধা থাকিবে না।

তফসিল

ফরম-১

[বিধি ৪ দ্রষ্টব্য]

বরাবর,

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972) এর Article 90A এর অধীন রাজনৈতিক দল নিবন্ধনের জন্য দরখাস্ত।

১। দলের পূর্ণ নাম ঃ	

২। দলের সংক্ষিপ্ত নাম (যদি থাকে) ঃ	

৩। দলের প্রধান কার্যালয়ের ঠিকানা ঃ	
ই-মেইল ঃ	
ফোন নম্বর ঃ	ফ্যাক্স নম্বর ঃ

৪। দলের পক্ষে যোগাযোগ রক্ষাকারীর নাম ও পদবী ঃ	
টেলিফোন নম্বর ঃ	মোবাইল নম্বর ঃ

৫। দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটি বা সমমানের কমিটি সংক্রান্ত তথ্য ঃ

(ক) গঠন/নির্বাচনের তারিখ

(খ) মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ

(গ) সকল সদস্যের নাম ও পদবী (সংযুক্ত করুন)

৬। যেই প্রতীক দলের অনুকূলে সংরক্ষণের জন্য আবেদন করা হইয়াছে

প্রতীকের নাম

৭ (ক) বাংলাদেশ স্বাধীন হইবার পর হইতে দরখাস্ত দাখিলের তারিখ পর্যন্ত সময়ের মধ্যে অনুষ্ঠিত সংসদ নির্বাচনের যে কোন একটিতে দলীয় নির্বাচনী প্রতীক লইয়া কমপক্ষে একটি আসনে নির্বাচিত হইয়াছেন এমন একজন দলীয় প্রার্থীর তথ্য নিম্নে প্রদত্ত হইলঃ

নির্বাচিত সদস্যের নাম ঃ	
নির্বাচনী এলাকার নম্বর, নাম ও প্রতীক	যে সংসদ নির্বাচনে নির্বাচিত (কততম?)

অথবা

৭ (খ) বাংলাদেশ স্বাধীন হইবার পর হইতে দরখাস্ত দাখিলের তারিখ পর্যন্ত সময়ের মধ্যে অনুষ্ঠিত সংসদ নির্বাচনের যে কোন একটিতে উক্ত দল কর্তৃক অংশগ্রহণকৃত আসনে প্রদত্ত মোট ভোটের শতকরা পাঁচ ভাগ ভোট লাভ সংক্রান্ত কমিশন কিংবা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এতদ্‌সংগে সংযুক্ত করা হইল;

অথবা

৭ (গ) দলের কেন্দ্রীয় কমিটিসহ দেশের মোট জেলার অন্যূন দশটি প্রশাসনিক জেলায় জেলা কমিটিসহ কার্যকর জেলা দপ্তর ও দপ্তরসমূহের দলিলাদি এবং অন্যূন পঞ্চাশটি উপজেলা বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন থানায় কার্যকরী দপ্তর থাকিবার প্রামাণিক দলিল এতদ্‌সংগে সংযুক্ত করা হইল ।

৮। দলের নামে যে ব্যাংকে হিসাব (একাউন্ট) রয়েছে উহার নাম ও ঠিকানা			
ক্রমিক নম্বর	ব্যাংকের নাম ও ঠিকানা	হিসাব নম্বর	দরখাস্তের তারিখে স্থিতি

৯। দলের তহবিলের উৎস/উৎসসমূহের বিবরণ		
ক্রমিক নম্বর	উৎসের ধরন	দরখাস্ত দাখিলের তারিখে তহবিলের পরিমাণ

১০। **সংযুক্তিসমূহ ঃ**

(ক) দলের গঠনতন্ত্র এতদ্‌সংগে সংযুক্ত করা হইল [হ্যাঁ]

(খ) দলের নির্বাচনী ইশতেহার এতদ্‌সংগে সংযুক্ত করা হইল [হ্যাঁ] [না]

(গ) দলের বিধিমালা এতদ্‌সংগে সংযুক্ত করা হইল [হ্যাঁ] [না]

(ঘ) দলের লোগো এবং পতাকার ছবি এতদ্‌সংগে সংযুক্ত করা হইল [হ্যাঁ]

(ঙ) দলের নিবন্ধনের বিষয়ে দলের কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্তের অনুলিপি এতদ্‌সংগে সংযুক্ত করা হইল [হ্যাঁ]

(চ) দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটি বা সমমানের কমিটির সকল সদস্যের নাম ও পদবী এতদ্‌সংগে সংযুক্ত করা হইল [হ্যাঁ]

(ছ) নিবন্ধন ফি বাবদ সচিব, নির্বাচন কমিশন সচিবালয়ের বরাবরে জমাকৃত অ-ফেরতযোগ্য [ ] টাকার ট্রেজারী চালানের কপি যার নম্বর [ ] ব্যাংকের নাম [ ] এতদ্‌সংগে সংযুক্ত করা হইল।

(জ) দলের নামে রক্ষিত ব্যাংক-একাউন্ট এর নাম, একাউন্ট নম্বর ও সর্বশেষ স্থিতির বিবরণ সংযুক্ত করা হইল [হ্যাঁ]

(ঝ) দলের তহবিলের উৎসের বিবরণ এতদ্‌সংগে সংযুক্ত করা হইল [হ্যাঁ]

(ঞ) নিবন্ধনের দরখাস্ত করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তির অনুকূলে প্রদত্ত ক্ষমতাপত্র এতদ্‌সংগে সংযুক্ত করা হইল [হ্যাঁ]

উপরে প্রদত্ত তথ্যসমূহ এবং সংযুক্তি হিসাবে দাখিলকৃত সকল দলিল দস্তাবেজ আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য এবং নির্ভুল। আমরা দলের কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুসারে এই দরখাস্ত পেশ করিতেছি।

[ ]	[ ]
দলের সভাপতি বা সমমর্যাদাধারী কার্যনির্বাহকের স্বাক্ষর এবং তারিখ	দলের মহাসচিব বা সমমর্যাদাধারী কার্যনির্বাহকের স্বাক্ষর এবং তারিখ

সংযুক্তি ঃ

১। ....

২। ....

৩। ....

৪। ....

৫। ....

৬। ....

৭। ....

৮। ....

৯। ....

১০। ....

ফরম-২
[বিধি ৭ (৩)দ্রষ্টব্য]

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972) এর Chapter VIA এর অধীন .... নামে ও .... ঠিকানায় নিবন্ধনের জন্য জনাব .... ও জনাব .... যথাক্রমে উক্ত দলের সভাপতি/সভাপতির সমমর্যাদাধারী কার্যনির্বাহক এবং মহাসচিব/মহাসচিবের সমমর্যাদাধারী কার্যনির্বাহক কমিশনের নিকট একটি দরখাস্ত পেশ করিয়াছেন। উক্ত রাজনৈতিক দলের নিবন্ধনের বিষয়ে কাহারও কোন আপত্তি থাকিলে উহার কারণ উল্লেখপূর্বক প্রয়োজনীয় দলিলাদিসহ আগামী .... তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে জানাইবার জন্য রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮ এর বিধি ৭(২) এর অধীন বিজ্ঞপ্তি প্রদান করা হইল।

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

ফরম-৩
[বিধি ৮ দ্রষ্টব্য]

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

নিবন্ধন সার্টিফিকেট

প্রত্যয়ন করা যাইতেছে যে, নিম্নে উল্লিখিত রাজনৈতিক দল Representation of the People Order, 1972 এর Chapter VIA এর অধীন বাংলাদেশ নির্বাচন কমিশনের সহিত নিবন্ধিত হইয়াছে।

নিবন্ধিত রাজনৈতিক দলের পূর্ণ নাম ঃ

নিবন্ধিত রাজনৈতিক দলের সংক্ষিপ্ত নাম ঃ

নিবন্ধনের তারিখে দলের প্রধান কার্যালয়ের ঠিকানা ঃ

নিবন্ধনের তারিখে দলের সভাপতি/সভাপতির সমমর্যাদাধারী কার্যনির্বাহকের নাম ঃ

নিবন্ধনের তারিখে দলের মহাসচিব/মহাসচিবের সমমর্যাদাধারী কার্যনির্বাহকের নাম ঃ

নিবন্ধন নম্বর ঃ

নিবন্ধনের তারিখ ঃ

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মুহম্মদ হুমায়ুন কবির
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।